



আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ১১ চৈত্র, ১৪২৬
২৫ মার্চ, ২০২০

বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-৪, শাখার ২৪ মার্চ ২০২০ (১০ চৈত্র ১৪২৬) তারিখের প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭২ এর ভিত্তিতে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর ২৫.০৩.২০২০ তারিখে জারিকৃত বিজ্ঞপ্তির মাধ্যমে দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণ মোকাবেলা এবং ব্যাপক বিস্তার প্রতিরোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আগামী ২৬ মার্চ ২০২০ তারিখের সরকারি ছুটি এবং ২৭-২৮ মার্চ ২০২০ তারিখের সাপ্তাহিক ছুটির সাথে ২৯ মার্চ হতে ০২ এপ্রিল ২০২০ তারিখ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। এছাড়া ০৩ ও ০৪ এপ্রিল ২০২০ তারিখ সাপ্তাহিক ছুটির দিন এ ছুটির সাথে সংযুক্ত করা হয়েছে।

০২। এতদপ্রেক্ষিতে, ছুটিতে গমনের পূর্বে কোম্পানির সকল পর্যায়ের কর্মচারীগণকে নিম্নোক্ত বিষয়সমূহ পরিপালনের জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে:


- বৈদ্যুতিক শর্ট সার্কিটজনিত দুর্ঘটনা এড়ানোর জন্য নিজ আসন ত্যাগ করার পূর্বে সকল ধরণের বৈদ্যুতিক সামগ্রী এর সুইচ বন্ধ করা;
- ঝড় ও বৃষ্টিতে ক্ষতি এড়ানোর লক্ষ্যে দরজা/জানালা যথাযথভাবে বন্ধ করা;
- ব্যক্তিগত ড্রয়ার এর তালা/লক লাগানো হয়েছে কি-না সে বিষয়ে নিশ্চিত হওয়া;
- যে সকল আলমারি/লকার -এ গুরুত্বপূর্ণ/গোপনীয় ফাইলপত্র সংরক্ষিত থাকে তা যথাযথভাবে বন্ধ করা;
- পানির কল যথাযথভাবে বন্ধ করা এবং
- কোম্পানির প্রধান কার্যালয়ের ফ্লোরে ও শাখাসমূহে সিকিউরিটি গার্ডের দায়িত্ব অর্পণ ও অবস্থানের বিষয়ে সুনিশ্চিত হওয়া এবং সিকিউরিটি গার্ড ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত ডিভিশন/ডিপার্টমেন্ট কর্তৃক সার্বক্ষণিক যোগাযোগ বজায় রাখা।

০৩। সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/শাখা প্রধানগণকে বর্ণিত বিষয়াবলী নিশ্চিতকরণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরামর্শ দেয়া যাচ্ছে।

০৪। এছাড়া করোনা ভাইরাসের বিস্তৃতি রোধকল্পে এ সময় জরুরি প্রয়োজন ব্যতীত (যেমন: খাদ্য দ্রব্য, ঔষধ ক্রয়, চিকিৎসা, মৃতদেহের সংস্কার ইত্যাদি) কোনো ভাবেই বাড়ির বাইরে না আসার এবং সরকার কর্তৃক ঘোষিত ছুটির সময় কোম্পানির সকল কর্মচারীগণকে নিজ নিজ কর্ম এলাকা ত্যাগ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

০৫। করোনা ভাইরাস মোকাবেলা সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ২৩.০২.২০২০ তারিখের ০৪.০০.০০০০.৫২২.১৬.০১১.২০.৫৪ নম্বরযুক্ত স্মারকের মাধ্যমে জারিকৃত প্রেস ব্রিফিং; জনপ্রশাসন মন্ত্রণালয়, প্রশাসন-১ শাখার ২৩ মার্চ ২০২০ তারিখের ০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৭ নম্বরযুক্ত স্মারক, ২৪ মার্চ ২০২০ তারিখের ০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৭ নম্বরযুক্ত স্মারক, ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭২ নম্বরযুক্ত প্রজ্ঞাপন এবং আইসিবি-র ২৫.০৩.২০২০ তারিখে জারিকৃত বিজ্ঞপ্তি সকলের অবগতি ও পরিপালনের জন্য এতদসঙ্গে জারি করা হলো।

০৬। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হল।


(মোঃ মাসুদুল হক)
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা
25 MAR 2020

বিতরণঃ

০১. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিন ও অপারেশন উইং) -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, (অ্যাডমিন ডিভিশন ও ফাইন্যান্স ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, (অপারেশন ডিভিশন ও আইসিটি ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, (ইন্টারন্যাশনাল কন্ট্রোল এন্ড কমপ্লায়ন্স ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. আইএসটিসিএল এর সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/শাখা।
০৭. অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১. ডিপার্টমেন্ট প্রধান, সফটওয়্যার ডিপার্টমেন্ট, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।